

বাংলাদেশ ট্যুরিজম বোর্ড

কোভিড-১৯ চলাকালে পর্যটকের জন্য নির্দেশিকা

বাংলাদেশের অভ্যন্তরে ভ্রমণের সময় পর্যটকগণকে নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণ করতে অনুরোধ করা হলো:

- কোনো ট্যুরের বিপরীতে অনলাইন বুকিং এবং অনলাইন অর্থ পরিশোধ নিশ্চিত করা।
- ভ্রমণ করার পূর্বে সাধারণ স্বাস্থ্য সুরক্ষার বিষয়ে সচেতন হওয়া এবং স্বাস্থ্য সুরক্ষা উপকরণের প্রাপ্যতা সম্পর্কে নিশ্চিত হওয়া।
- চিকিৎসা প্রতিবেদন/স্বাস্থ্য সনদ/ পিসিআর রিপোর্ট/COVID-19 নেই মর্মে প্রমাণক সঞ্চে রাখা।
- হ্যান্ডশেক, আলিঙ্গন এড়াতে নিজস্ব ঐতিহ্য, সংস্কৃতি ও প্রথা অনুযায়ী শূভেচ্ছা জানানো ও গ্রহণ করা।
- ভ্রমণের সময় আসন ব্যবস্থায় শারীরিক দূরত্ব বজায় রাখা নিশ্চিত করা।
- সেবা গ্রহণের পূর্বে সেবা সরবরাহকারী (হোটেল, রেস্টোঁরা, স্থানীয় পরিবহন, গাইড, স্যুভেনির শপ, পর্যটন আকর্ষণীয় স্থান ইত্যাদি) এর COVID-19 প্রটোকল রক্ষার সক্ষমতা যাচাই করা।
- যে কোন লম্বা লাইন, ভীড় এবং দীর্ঘ সময়ক্ষেপণ এড়াতে ট্যুরের সময়সূচি, প্রবেশের টিকিট, সিট, রাইড ইত্যাদি ক্রয় পূর্বেই নিশ্চিত করা।
- গ্রুপ সফরের পরিবর্তে ছোট বা পারিবারিক ভ্রমণকে পছন্দ করা।
- স্বাস্থ্য সম্পর্কে সচেতন থাকা এবং ভ্রমণসূচি বহির্ভূত আয়োজন পরিহার করা।
- ট্যুরের আগে অথবা ট্যুরকালীন ট্রাভেল এজেন্ট এবং অন্যান্য সেবা সরবরাহকারীকে পর্যটকের জরুরি যোগাযোগ নম্বর/ অবস্থানের ঠিকানা এবং অ্যালার্জিজেনিত (যদি থাকে) সমস্যাগুলো শেয়ার করা।
- সকল প্রকার জরুরি ওষুধ, কাগজপত্র/ যেকোন জটিল রোগের রিপোর্ট, পর্যাপ্ত নগদ অর্থ, পোশাক, পড়ার উপকরণ, ইনডোর গেমস, ছাতা/ রেইন কোট, উইন্ড ব্রেকার, ক্যাপ/ টুপি ইত্যাদি সঞ্চে রাখা।
- অপ্রীতিকর পরিস্থিতি এড়াতে পর্যটকের স্বাস্থ্য পরিস্থিতি ট্যুর ম্যানেজারের সাথে শেয়ার করা, ভ্রমণের সময় স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করার বিষয়ে অনুরোধ করা।
- ভ্রমণের সময় সেবা প্রদানকারী এবং কর্মীদের মাস্ক, ক্যাপ, ব্যক্তিগত হ্যান্ড স্যানিটাইজার, লেগ পুশ ডাস্টবিন ইত্যাদি ব্যবহার করার অনুরোধ করা।
- সর্বসাধারণের স্পর্শস্থান যেমন; টেবিল, ডোর লক এবং হ্যান্ডেল, কাউন্টার টেবিল, চেয়ার, চেয়ার টেবিল কভার, মুদ্রণ ও প্রচার সামগ্রী, রেলিং, জানালার পর্দা, খাবারের পাত্র স্পর্শ করা এড়িয়ে চলা।
- স্থানীয় COVID-19 অপারেশন প্রটোকলের প্রতি সম্মান প্রদর্শন করা এবং স্থানীয় সেবা প্রদানকারী ও কর্মীদের সহযোগিতা করা।

প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশ ট্যুরিজম বোর্ড

বাংলাদেশ ট্যুরিজম বোর্ড
(জাতীয় পর্যটন সংস্থা)
পর্যটন ভবন, পশ্চিম আগারগাঁও
শের ই বাংলানগর (প্রশাসনিক এলাকা), ঢাকা-১২০৭।

স্মারক নং: ৩০.৩৩.০০০০.২২১.৪২.০০১.১৮. ১৪৫


তারিখ: ১৮ ফেব্রুয়ারি ২০২১ খ্রি।

বিষয়: পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের জন্য আবেদন পত্র।

উপর্যুক্ত বিষয়ের আলোকে বাংলাদেশ ট্যুরিজম বোর্ড কর্তৃক আহ্বানকৃত গণ বিজ্ঞপ্তিটি আগামী ১৯ ফেব্রুয়ারি ২০২১ তারিখে ৭x৩ কলামে আপনার পত্রিকার শেষের পাতায় (Last Page) প্রকাশের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

০২। বিজ্ঞাপন প্রকাশের পর ০৩ ফর্দ বিল বাংলাদেশ ট্যুরিজম বোর্ডে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০১ পাতা।



(মোহাম্মদ সাইফুল হাসান)
উপ-পরিচালক (উপ-সচিব)
বাংলাদেশ ট্যুরিজম বোর্ড
ফোন: (০২) ৫৮৩১ ৫৯৫৪
e-mail: btbnto@gmail.com

- ১। বিজ্ঞাপন ম্যানেজার
দৈনিক মানবজমিন।
- ২। বিজ্ঞাপন ম্যানেজার
দৈনিক যুগান্তর।
- ৩। বিজ্ঞাপন ম্যানেজার
দৈনিক সমকাল।
- ৪। বিজ্ঞাপন ম্যানেজার
দৈনিক বাংলাদেশ প্রতিদিন।
- ৫। বিজ্ঞাপন ম্যানেজার
দৈনিক আমাদের সময়।
- ৬। বিজ্ঞাপন ম্যানেজার
দৈনিক জনকণ্ঠ।